

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৪, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

প্রজ্ঞাপন

তারিখ, ২১ পৌষ ১৪১৮ বঙ্গাব্দ/০৪ জানুয়ারি ২০১২ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ০৪-আইন/২০১২।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, লেজিসলেটিভ ড্রাফটিং কর্মকর্তা (আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়) নিয়োগ বিধিমালা, ১৯৯৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

১। বিধি ৭ এর পর নিম্নরূপ বিধি-৮ সন্নিবেশিত হইবে, যথা ঃ—

“৮। সরকারের উপ-সচিব, যুগ্ম-সচিব, অতিরিক্ত সচিব এবং সচিব পদে পদোন্নতি বিধিমালা, ২০০২ এর প্রযোজ্যতা। এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, যেই সকল বিষয় এই বিধিমালায় উল্লিখিত হয় নাই সেই সকল বিষয়ে সরকারের উপ-সচিব, যুগ্ম-সচিব, অতিরিক্ত সচিব এবং সচিব পদে পদোন্নতি বিধিমালা, ২০০২ এর বিধান অনুসরণ করিতে হইবে।”

( ৫৫ )

মূল্য ঃ টাকা ২.০০

২। তফসিলের পরিবর্তে নিম্নলিখিত তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

**তফসিল**  
**[ বিধি ২(খ) দৃষ্টব্য ]**

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
(১)	সচিব		অতিরিক্ত সচিব (ড্রাফটিং) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে	অতিরিক্ত সচিব (ড্রাফটিং) পদে অন্যন ২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(২)	অতিরিক্ত সচিব (ড্রাফটিং)		যুগ্ম-সচিব (ড্রাফটিং) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে	যুগ্ম-সচিব (ড্রাফটিং) পদে অন্যন ৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(৩)	যুগ্ম-সচিব (ড্রাফটিং)		উপ-সচিব (ড্রাফটিং) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরকারের যুগ্ম-সচিবগণের মধ্য হইতে প্রেষণে	উপ-সচিব (ড্রাফটিং) পদে অন্যন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(৪)	উপ-সচিব (ড্রাফটিং)		৭৫% সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে ২৫% সরকারের উপ-সচিবগণের মধ্য হইতে প্রেষণের মাধ্যমে	সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং) পদে অন্যন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(৫)	সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং)		৭৫% সহকারী সচিব (ড্রাফটিং) গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে ২৫% সরকারের সিনিয়র সহকারী সচিবগণের মধ্য হইতে প্রেষণের মাধ্যমে	সহকারী সচিব (ড্রাফটিং) পদে অন্যন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(৬)	সহকারী সচিব (ড্রাফটিং)	অনুর্ধ্ব ৩০ বৎসর	৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে ২৫% সরকারের সহকারী সচিবগণের মধ্য হইতে প্রেষণের মাধ্যমে	সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যন দ্বিতীয় শ্রেণীর (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ শহিদুল হক**

ভারপ্রাপ্ত সচিব

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd